

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৯০

১/ বিবিধ

আরবী

من أمر بمعروف فليكن أمره بمعروف  
ضعيف جداً

رواه أبو العباس الأصم في " جزء من حديثه " (1 / 193) ورقم (129 نسختي) وعلي  
بن الحسن بن إسماعيل العبدى في " حديثه " (156 / 1 - 2) والضياء في " المنتقى  
من مسموعاته بمرو " (1 / 42) عن سلم بن ميمون الخواص حدثنا زفر بن سليمان  
عن المثنى بن الصباح عن عمرو بن شعيب عن أبيه عن جده مرفوعاً. قلت: وهذا  
سند ضعيف جداً لما يأتي، واقتصر السيوطي في عزوه على البيهقي في " الشعب ".  
وقال المناوي: " وفيه سلم بن ميمون الخواص أورده الذهبي في " الضعفاء " وقال:  
قال ابن حبان: بطل الاحتجاج به  
وقال أبو حاتم: لا يكتب حديثه، عن (زافر) قال ابن عدي: لا يتابع على حديثه، ووثقه  
ابن معين. عن (المثنى بن الصباح) ضعفه ابن معين، وقال النسائي: متروك  
قلت: ومع هذا كله سكت الحافظ العراقي على الحديث في " تخريج الإحياء " (2 /  
(292

বাংলা

৫৯০। যে ব্যক্তি ভাল কাজের নির্দেশ দিবে তার কর্ম যেন ভাল হয়।

হাদীছটি নিতান্তই দুর্বল।

হাদীছটি আবুল আব্বাস আল-আসাম "জুযউ মিন হাদীছিহি" (১/১৯৩ নং ১২৯) গ্রন্থে, আলী ইবনুল হাসান ইবনে ইসমাইল আল-আবাদী তার "হাদীছ" (১৫৬/১-২) এবং যিয়া "আল-মুত্তাকা মিন মাসমূয়াতিহি বেমারু" (১/৪২) গ্রন্থে সালাম ইবনু মায়মূন আল-খাওয়াস হতে তিনি য়াফের ইবনু সুলায়মান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। কারণ এই সালামকে ইমাম য়াহাবী "আয-যোয়াফা" গ্রন্থে উল্লেখ করার পর বলেছেন, ইবনু হিব্বান বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা বাতিল। আবু হাতিম বলেনঃ য়াফের ইবনু সুলায়মান হতে তার হাদীছ লিখা যায় না। ইবনু আদী বলেনঃ তার হাদীছের অনুসরণ করা যায় না। ইবনু মাঈন তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। আর মুসান্না ইবনুস সাবাহ হতে তাকে ইবনু মাঈন দুর্বল বলেছেন। নাসাঈ বলেনঃ তিনি মাতরুক।

এতো কিছু সত্ত্বেও হাফিয ইরাকী "তাখরাজুল ইহইয়া" (২/২৯২) গ্রন্থে কোন প্রকার হুকুম না লাগিয়ে চুপ থেকেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71469>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন